# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫২২

১৭. যুদ্ধাভিযান অধ্যায় (كتاب السير)

পরিচ্ছেদঃ ৪৪. (যুদ্ধে) কোন ব্যক্তি কাউকে হত্যা করলে নিহত ব্যক্তির মালামাল হত্যাকারী পাবে

بَاب مَنْ قَتَلَ قَتِيلًا فَلَهُ سَلَبُهُ

## আরবী

أَخْبَرَنَا حَجَّاجُ بْنُ مِنْهَالٍ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ حَدَّثَنَا إِسْحَقُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي طَلْحَةَ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَنْ قَتَلَ كَافِرًا فَلَهُ سَلَبُهُ فَقَتَلَ أَبُو طَلْحَةَ يَوْمَئِذٍ عِشْرِينَ وَأَخَذَ أَسْلَابَهُمْ

## বাংলা

২৫২২. আনাস ইবনু মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেনঃ (হুনায়নের যুদ্ধের দিন) রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “যে মুসলিম কোন কাফিরকে হত্যা করবে, সে সেই নিহত ব্যক্তির পরিত্যক্ত মালের অধিকারী হবে।” সেদিন আবূ তালহা রাদ্বিয়াল্লাহু আনহু বিশজন কাফিরকে হত্যা করেন এবং তাদের মালামাল লাভ করেন।”[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৪৮৩৬, ৪৮৩৮, ৪৮৪১ ও মাওয়ারিদুয যাম’আন নং ১৬৭১ তে। ((মুসলিম, জিহাদ ১৮০৯; আহমাদ ৩/১১৪, ১৯০, ২৭৯; তায়ালিসী ২০৭৯; আবী দাউদ, জিহাদ ২৭১৭, ২৭১৮; ইবনু মাজাহ হাকিম ৩/৩৫৩; বাইহাকী ৬/৩০৭।– আরনাউত্বের তাহক্বীক্বকৃত ইবনু হিব্বান হা/৪৮৪১ এর টীকা হতে।–অনুবাদক))

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82805

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন